গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লক্ষ্মীপুর
(সাধারণ শাখা)
www.lakshmipur.gov.bd

## লক্ষ্মীপুর জেলার ফেব্রুয়ারি, ২০২১ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আনোয়ার হোছাইন আকন্দ<br>জেলা প্রশাসক<br>লক্ষ্মীপুর |
| সভার তারিখ ও সময় | : | ২২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লক্ষ্মীপুর |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো |

সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লক্ষ্মীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনায় অংশগ্রহণকারী বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জেলা পরিষদ, লক্ষ্মীপুর। | **আলোচনাঃ** প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুর সভায় জানান, ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব খাতে ৭৩৫.২৫ লক্ষ টাকা, প্রকল্প সংখ্যা ৩৭৪টি, অগ্রগতি ৪৫% এডিপি খাতে বরাদ্দ ৭০০.০০ লক্ষ টাকা, প্রকল্প সংখ্যা ৩৯৯ টি, অগ্রগতি ৫০%। এ বিষয়ে আলোচনায় সভাপতি ২০১৯-২০ অর্থবছরের প্রকল্পসমূহের বাস্তবায়নের কাজ মার্চ, ২০২১ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। তিনি জেলা সদরে বড় ধরণের দৃষ্টিনন্দন অডিটরিয়াম স্থাপন করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান। এছাড়াও লক্ষ্মীপুর জেলার পাঁচটি উপজেলার প্রবেশদ্বারে ০৫ টি সীমানা গেইট নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) ২০১৯-২০ অর্থবছরের প্রকল্প বাস্তবায়নের কাজ মার্চ, ২০২১ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।<br>(।।) জেলা সদরে বড় ধরণের দৃষ্টিনন্দন অডিটরিয়াম স্থাপন, লক্ষ্মীপুর জেলার পাঁচটি উপজেলার প্রবেশদ্বারে ০৫ টি সীমানা গেইট নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, লক্ষ্মীপুর |
| ০২ | স্থানীয় সরকার বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, লক্ষ্মীপুর সভায় জানান, ২০২০-২১ অর্থবছরে এলজিএসপির ৬২৯ টি প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। কাজের বাস্তবায়নের অগ্রগতির হার ৫৪%। এ বিষয়ে আলোচনায় সভাপতি উপপরিচালক, স্থানীয় সরকারকে এলজিএসপি প্রকল্পসমূহ দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদানের জন্য এবং প্রত্যেকটি প্রকল্প ডিস্ট্রিক ফ্যাসিলেটেটর কর্তৃক সরেজমিনে পরিদর্শন/তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) ২০২০-২১ অর্থবছরের এলজিএসপির প্রকল্পসমূহ আগামী মার্চের মধ্যে ৯০% সম্পন্ন করার জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।) এলজিএসপির প্রতিটি প্রকল্প ডিস্ট্রিক ফ্যাসিলেটেটর কর্তৃক সরেজমিনে পরিদর্শন/তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ১। উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, লক্ষ্মীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর<br>৩। ডিস্ট্রিক ফ্যাসিলেটেটর |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | পুলিশ বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** অতিরিক্ত পুলিশ সুপার, লক্ষ্মীপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে মর্মে এবং রামগঞ্জ উপজেলায় ভেজাল ঔষধ বিক্রির অভিযোগ পাওয়া গিয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি তার বিভাগের প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগকে অনুরোধ করেন।<br><br>**সিদ্ধান্তঃ** জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ সুপার, লক্ষ্মীপুরকে এবং পুলিশ বিভাগের প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | ১। পুলিশ সুপার, লক্ষ্মীপুর<br>২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** সিভিল সার্জন, লক্ষ্মীপুর সভায় জানান, লক্ষ্মীপুর জেলায় এ পর্যন্ত সর্বমোট ২৩৩২ জন লোকের করোনা ভাইরাস পজিটিভ সনাক্ত হয় এবং এ পর্যন্ত ২২৮৩ জন আরোগ্য লাভ করেন। জেলায় এ পর্যন্ত ৪১ জন লোক করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তিনি জানান, ইতোমধ্যে প্রাপ্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তিনি লক্ষ্মীপুর সদর হাসপাতালে পর্যাপ্ত পরিচ্ছন্নকর্মী না থাকা, হাসপাতালে গভীর নলকুপ বসানো এবং হাসপাতালে রোগীদের ভাল খাবার পরিবেশনের উপর গুরুত্বারোপ করেন। তাছাড়া সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিসের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য এবং হাসপাতালের পুরাতন জরাজীর্ণ ওয়াশ রুমগুলো আধুনিকায়ন করার জন্য অনুরোধ করেন।এ বিষয়ে সভাপতি হাসপাতাল এলাকা দালালমুক্ত রাখতে এবং হাসপাতালের প্রবেশদ্বারের ভিতরে জটিল বা মুমূর্ষু রোগীর গাড়ীছাড়া রিক্সা/ অটোরিক্সা/সিএনজি না দাঁড়ানোর ব্যবস্থা করতে এবং অবৈধ হাসপাতাল ও ডায়গনস্টিক সেন্টারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্তঃ** (।) সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিসের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।) হাসপাতালের পুরাতন জরাজীর্ণ টয়লেট নির্মাণ/মেরামত করার জন্য নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।।) অবৈধ হাসপাতাল ও ডায়গনস্টিক সেন্টারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | ১। সিভিল সার্জন লক্ষ্মীপুর<br>২। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল বিভাগ, লক্ষ্মীপুর<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর |
| ০৫ | গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর সভায় জানান, প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় লক্ষ্মীপুর জেলার সদর ও রামগঞ্জ উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজের NOA প্রদান করা হয়েছে। কমলনগর উপজেলার মডেল মসজিদ নির্মাণের এলাইনমেন্ট পরিবর্তনের প্রস্তাব পাওয়ার পর কার্যক্রম শুরু করা হবে। জেলা সদর মসজিদের সাইটে নির্মাণ কাজ শুরু হয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি কমলনগর উপজেলা মডেল মসজিদ নির্মাণের বিষয়ে মার্কেটের মালিক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করে দ্রুত প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন।<br><br>**সিদ্ধান্তঃ** (।) জেলা সদরসহ অন্যান্য উপজেলার মডেল মসজিদ নির্মাণের কাজ দ্রুত শেষ করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।) কমলনগর উপজেলা মডেল মসজিদ নির্মাণের বিষয়ে মার্কেটের মালিক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করে দ্রুত প্রস্তাব প্রেরণের অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর |
| ০৬ | সড়ক ও জনপথ বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, লক্ষ্মীপুর সভায় জানান, লক্ষ্মীপুরে সড়ক বিভাগের আওতায় মোট সড়কের দৈর্ঘ্য ২৬২.৬৯ কি.মি.। যার মধ্যে | ১। নির্বাহী প্রকৌশলী সড়ক |

| | | | |
|---|---|---|---|
| | | (ক) জাতীয় মহাসড়ক ১টি (১০.৫০ কি.মি.), (খ) আঞ্চলিক মহাসড়ক ৫টি (৬১.১১ কি.মি.), (গ) জেলা মহাসড়ক ১৬টি (১৯১.০৮কি.মি.)। তিনি আরও জানান, লক্ষ্মীপুর-রামগতি সড়ক মেরামতের কাজ এবংমাইজদী-রাজগঞ্জ-ছয়ানী-বসুরহাট-চন্দ্রগঞ্জ (আর-১৪৩) সড়কটি উন্নয়নের জন্য প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সভাপতি লক্ষ্মীপুর-রামগতি সড়ক মেরামতের সময় রাস্তার শোল্ডারে মাটি ভরাট করতে এবং মাইজদী-রাজগঞ্জ-ছয়ানী-বসুরহাট-চন্দ্রগঞ্জ (আর-১৪৩) সড়কটি উন্নয়নের জন্য প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) মাইজদী-রাজগঞ্জ-ছয়ানী-বসুরহাট-চন্দ্রগঞ্জ (আর-১৪৩) সড়কটি উন্নয়নের জন্য প্রস্তাবিত ভূমি অধিগ্রহনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।) লক্ষ্মীপুর-রামগতি সড়ক মেরামতের সময় রাস্তার শোল্ডারে মাটি ভরাট করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | ও জনপথ বিভাগ, লক্ষ্মীপুর<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর |
| ০৭ | এলজিইডি, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লক্ষ্মীপুর সভায় জানান, পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচির আওতায় ২০২০-২১ অর্থবছরে ৫৪ টি স্কিম অনুমোদিত হয়। ১৮টি স্কিমের কাজ সমাপ্ত। ৩৬টি স্কিমের কাজ চলমান। বৃহত্তর নোয়াখালী পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পে মোট স্কিম ১৮৬ টি, ৪০টির কাজ সমাপ্ত। ১৪৬টির কাজ চলমান। অগ্রগতি ৬৭%। রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২ এর আওতায় গৃহীত স্কিম ১৮টি, সড়কের দৈর্ঘ্য ১৪৪.০২ কি.মি. এবং অগ্রগতি ১০০%। তিনি আরও জানান, রামগতি এবং কমলনগর উপজেলা মুক্তিযুদ্ধ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। সদর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ চলমান।<br><br>**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ে মুক্তিযুদ্ধ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী এলজিইডি, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লক্ষ্মীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর |
| ০৮ | পানি উন্নয়ন বোর্ড, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, লক্ষ্মীপুর সভায় জানান, লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলার মেঘনা নদীর বাম তীরে ১২২.৯১৭ কি.মি. হতে ১২৩.৯১৭ কি.মি.=১.০০ কি. মি. তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের হার ৯৫%। লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলাধীন বড়খেরী হতে লুধুয়াবাজার পর্যন্ত নদীর তীর রক্ষা কাজ ৩০.৮১৩কি.মি. প্রকল্প প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি বলেন, রামগতি ও কমলনগর উপজেলার মেঘনা নদীর বাম তীরের প্রতিরক্ষা কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য এবং জেলা পরিষদ কর্তৃক হস্তান্তরকৃত জমিসহ পানি উন্নয়ন বোর্ডের মালিকানাধীন জমির উপর অবৈধ দখলদারদের উচ্ছেদ করার অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) রামগতি ও কমলনগর উপজেলার মেঘনা নদীর বাম তীরের প্রতিরক্ষা কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।) জেলা পরিষদ কর্তৃক হস্তান্তরকৃত জমিসহ পানি উন্নয়ন বোর্ডের মালিকানাধীন জমির উপর অবৈধ দখলদারদের উচ্ছেদ করার অনুরোধ হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, লক্ষ্মীপুর |
| ০৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর সভায় জানান যে, পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১১৭২ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে ১০৬২ টি স্থাপন কাজ সমাপ্ত হয়, অবশিষ্ট ১১০ টির কাজ চলমান রয়েছে এবং ০৩ টি পুকুর খনন কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৭৫%। এছাড়া জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৪ টি কমিউনিটি টয়লেট ও ০১ টি পাবলিক টয়লেট নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। কাজের অগ্রগতি ৯৪%। এ বিষয়ে আলোচনায় সভাপতি বলেন, 'জান্নাতুল মাওয়া' আশ্রয়ণ প্রকল্পসহ সরকারের আবাসন প্রকল্পগুলোতে চাহিদামত নলকূপ বসানোর ব্যবস্থা গ্রহণ এবং লক্ষ্মীপুর সদর হাসপাতালে ০২ টি ও উপজেলা হাসপাতালগুলোতে ১টি করে গভীর নলকূপ বসানোর | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| | | জন্য অনুরোধ করেন।<br><br>**সিদ্ধান্তঃ** (।) জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৪ টি কমিউনিটি টয়লেট ও ০১ টি পাবলিক টয়লেট নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়।<br>(।।) আশ্রয়ণ প্রকল্পসহ সরকারের আবাসন প্রকল্পগুলোতে চাহিদামত নলকূপ বসানোর ব্যবস্থা গ্রহণ এবং লক্ষ্মীপুর সদর হাসপাতালে ০২ টি ও উপজেলা হাসপাতালগুলোতে ১টি করে গভীর নলকূপ বসানোর জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | |
| ১০ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এ বিষয়ে সভাপতি শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত প্রতিষ্ঠানগুলোর কাজের গুণগতমান যাচাইয়ের স্বার্থে প্রতিষ্ঠানসমূহের তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের অনুরোধ জানান। এ ছাড়াও কালেক্টরেট স্কুলের ভবন নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য এবং রায়পুর উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য জমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত প্রতিষ্ঠানগুলোর তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের অনুরোধ করা হয়।<br>(।।) কালেক্টরেট স্কুলের ভবন নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে এবং রায়পুর উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণ করতে নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর |
| ১১ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লক্ষ্মীপুর সভায় জানান, রবি পূনর্বাসন কর্মসূচি রবি/২০২০-২১ মৌসুমে ১৪,০০০ জনকে সহায়তা প্রদান এবং কৃষি প্রণোদনা রবি/২০২০-২১ মৌসুমে ৪১০০ জনকে সহায়তা প্রদান কার্যক্রম চলছে। তিনি আরও বলেন, জেলায় ইউরিয়া ২৯৪৪ মে.টন, টিএসপি ৭০৯ মে.টন, এমওপি ২৬৯ মে. টন এবং ডিএপি ৮১১ মে. টন সার মজুদ রয়েছে। মজুদ সন্তোষজনক। এ বিষয়ে আলোচনায় সভাপতি লক্ষ্মীপুর জেলায় সয়াবিন, সুপারি ও নারিকেল উৎপাদন বৃদ্ধির বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণ করতে এবং উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার ও জেলা মার্কেটিং অফিসারের সমন্বয়ে কমলনগর উপজেলায় সয়াবিনের কারখানা স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) বীজ/সার বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে কৃষক বাছাই করে সঠিকভাবে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>(।।) লক্ষ্মীপুর জেলায় সয়াবিন, সুপারি ও নারিকেল উৎপাদন বৃদ্ধির বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণ এবং উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার ও জেলা মার্কেটিং অফিসারের সমন্বয়ে কমলনগর উপজেলায় সয়াবিনের কারখানা স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য অনুরোধ করা হয়। | ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লক্ষ্মীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর<br>৩। উপজেলা কৃষি অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর<br>৪। জেলা মার্কেটিং অফিসার, লক্ষ্মীপুর |
| ১২ | মৎস্য বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা মৎস্য কর্মকর্তা, লক্ষ্মীপুর সভায় জানান, জাটকা সংরক্ষণ অভিযান চলমান রয়েছে। জেলার কোথাও যাতে জাটকা ইলিশ কেউ আহরণ, মজুদ ও বিক্রয় করতে না পারে সেজন্য সকল উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। আগামী ১লা মার্চ হতে ৩০ এপ্রিল পর্যন্ত ইলিশ উৎপাদন অভয়াশ্রম এলাকায় সকল ধরণের মাছ ধরা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি জাটকা ইলিশ আহরণ, মজুদ ও বিক্রয় বন্ধ রাখার বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) অবৈধভাবে জাটকা ইলিশ আহরণ,মজুদ ও বিক্রয় বন্ধ রাখতে নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>(।।) আগামী ১লা মার্চ হতে ৩০ এপ্রিল পর্যন্ত ইলিশ উৎপাদন অভয়াশ্রম এলাকায় সকল ধরণের মাছ ধরা নিষিদ্ধ থাকায় নিষেধ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। জেলা মৎস্য কর্মকর্তা, লক্ষ্মীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | প্রাণিসম্পদ বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লক্ষ্মীপুর সভায় জানান, হাস মুরগির টিকা ও চিকিৎসা যথাযথভাবে চলছে। ফলে অত্র জেলায় হাস-মুরগির মড়ক নেই। গবাদি পশুর ও কোন মহামারি নেই। টিকাদান কর্মসূচি ও বিভাগের অন্যান্য কার্যক্রম নিয়মিত চলছে। এ বিষয়ে সভাপতি বলেন, রোগাক্রান্ত কোন পশু যেন জবাই করা না হয় সেদিকে সকলকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>**সিদ্ধান্তঃ** (I) হাস মুরগি ও গবাদি পশুর চিকিৎসা প্রদানসহ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(II) রোগাক্রান্ত কোন পশু যেন জবাই করা না হয় সেদিকে সকলকে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লক্ষ্মীপুর |
| ১৪ | পরিবার পরিকল্পনা বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, লক্ষ্মীপুর সভায় জানান, তাঁর বিভাগের সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। জেলা পরিবার পরিকল্পনা অফিসের নতুন ভবন নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি বলেন, জেলা সদরে অবস্থিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্র হতে সাধারণ জনগণ যেন কাঙ্খিত সেবা পায় এবং মায়েদের প্রসব সেবার ব্যাপারে গুরুত্বারোপ করার জন্য অনুরোধ করেন। তাছাড়া মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করেন কিনা তা তদারকি করতে হবে।<br>**সিদ্ধান্তঃ** (I) জেলা সদরে অবস্থিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে আগত রোগীগণ যেন কাঙ্খিত সেবা পায় সে ব্যাপারে গুরুত্বারোপ করার জন্য উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, লক্ষ্মীপুর অনুরোধ করা হয়।<br>(II) মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করেন কিনা তা নিয়মিত তদারকি করতে উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, লক্ষ্মীপুর অনুরোধ করা হয়। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, লক্ষ্মীপুর |
| ১৫ | সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর | আলোচনাঃ উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সভায় জানান, মুক্তিযোদ্ধা সম্মানি ভাতাভোগীর সংখ্যা সদর উপজেলায় ৬০০ জন, রায়পুর উপজেলায় ৩০০ জন, রামগঞ্জ উপজেলায় ৫০৯ জন, রামগতি উপজেলায় ২৮৫ জন এবং কমলনগর উপজেলায় ৯৪ জনসহ লক্ষ্মীপুর জেলায় সর্বমোট ভাতাভোগী ১৭৮৮ জন। বরাদ্দকৃত অর্থ বিতরণের জন্য সেবা গ্রহিতাদের বিকাশ একাউন্ট ৪০% খোলা হয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি বরাদ্দকৃত অর্থ দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ বরাদ্দকৃত অর্থ দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর |
| ১৬ | সরকারী কলেজ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** অধ্যক্ষ, লক্ষ্মীপুর সরকারি কলেজ এর প্রতিনিধি জানান, অনলাইনের মাধ্যমে ছাত্রছাত্রীদের পাঠদান ও পরীক্ষা গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে এবং এতে ছাত্র-ছাত্রীদের ব্যাপক আগ্রহ এবং সাড়া পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সভাপতি অনলাইনের মাধ্যমে পাঠদান ও পরীক্ষা নেওয়ার বিষয়টি অব্যাহত রাখার জন্য অধ্যক্ষ, সরকারি কলেজ, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ অনলাইনের মাধ্যমে পাঠদান ও পরীক্ষা গ্রহণের বিষয়টি অব্যাহত রাখার জন্য অধ্যক্ষ, সরকারি কলেজ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | অধ্যক্ষ, লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর |
| ১৭ | যুব উন্নয়ন অফিস, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর সভায় জানান, ২০২০-২১ অর্থবছরে প্রাতিষ্ঠানিক ০৬টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৯২০ জন, অগ্রগতি ৪২৫ জন, অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ২১২৫ জন, অগ্রগতি ৯০০ জন। ২০২০-২১ অর্থবছরে আত্মকর্মসংস্থান এর লক্ষ্যমাত্রা ৫০৬ জন, অগ্রগতি ২১৭ জন। এ বিষয়ে আলোচনায় সভাপতি প্রশিক্ষনার্থীদের ডাটাবেজ তৈরি করার জন্য এবং ড্রাইভিং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্তঃ** প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরি করার জন্য এবং ড্রাইভিং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | |
| ১৮ | জেলা শিক্ষা অফিস, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত বইগুলো ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়েছে এবং অনলাইনে/মোবাইল ফোনের মাধ্যমে ছাত্র ছাত্রীদের লেখাপড়া কার্যক্রম চালানোর জন্য প্রতিষ্ঠান প্রধানদেরকে বলা হয়েছে। এ বিষয়ে সভাপতি শিক্ষকদের শতভাগ করোনা টিকা গ্রহণ নিশ্চিত করতে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** শিক্ষকদের শতভাগ করোনা টিকা গ্রহণ নিশ্চিত করার জন্য জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর |
| ১৯ | ইসলামিক ফাউন্ডেশন, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লক্ষ্মীপুর বলেন, ২০২১ সালে অনলাইনে সরকারীভাবে পবিত্র হজ্ব যাত্রীদের নিবন্ধন কার্যক্রম চলছে। এ পর্যন্ত ০৫ জন হজ্বযাত্রী নিবন্ধন করেছেন। এছাড়া করোনায় মৃত ব্যক্তির দাফন কার্যক্রমসহ প্রতিটি জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** (।) জেলা সদর এবং সকল উপজেলার মডেল মসজিদ নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>(।।) অনলাইনে হজ্জ নিবন্ধন কার্যক্রম জোরদার করার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর<br>২। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লক্ষ্মীপুর |
| ২০ | মহিলা বিষয়ক অধিদপ্তর, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লক্ষ্মীপুর সভায় জানান যে, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ে ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি উপজেলায় আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম পুনরায় চালু হয়েছে। বিভাগীয় পর্যায়ে জয়িতা নির্বাচনে লক্ষ্মীপুরের কমলনগর উপজেলা প্রথম স্থান অর্জন করেছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি বলেন, ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।<br><br>**সিদ্ধান্তঃ** নতুনভাবে ভিজিডি চক্রের আওতায় ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও মহিলা বিষয়ক কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর<br>২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লক্ষ্মীপুর |
| ২১ | জেলা প্রাথমিক শিক্ষা অফিস, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর সভায় জানান, ১ম হতে ৫ম শ্রেণি পর্যন্ত ছাত্রীদের জন্য প্রাপ্ত বই ১০০% বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান অনলাইনে পাঠদান প্রক্রিয়া যথাযথভাবে সম্ভব হচ্ছেনা বিধায় মোবাইল ফোনের মাধ্যমে পাঠদান পুরোদমে চলছে। এ বিষয়ে আলোচনায় শিক্ষকগণকে শতভাগ করোনা টিকা গ্রহণ নিশ্চিত করতে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** শিক্ষকগণকে শতভাগ করোনা টিকা গ্রহণ নিশ্চিত করতে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর সভায় জানান যে, লক্ষ্মীপুর জেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। গ্রাহকগণের তালিকা পাওয়া গেছে। বিদ্যুৎ সংযোগ ফি জমা দিলেই সংযোগ দেওয়া শুরু করা হবে। এ বিষয়ে আলোচনায় সভাপতি বলেন, ভূমিহীনদের জন্য সরকারি অর্থায়নে যে সকল গৃহ নির্মাণ হয়েছে সেগুলোতে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণের জন্য জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** ভূমিহীনদের জন্য সরকারি অর্থায়নে যে সকল গৃহ নির্মাণ হয়েছে সেগুলোতে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণের জন্য জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | জেলা খাদ্য বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীপুর জানান, জেলার ০৫ টি এলএসডির মধ্যে সদর খাদ্য গুদামে ১৬৮২ মে.টন চাল, ৫৪৮ মে. টন গম ও ২৪৮ মে. টন ধান, রায়পুর খাদ্য গুদামে ৫০৯ মে.টন চাল, রামগঞ্জ খাদ্য গুদামে ৩৩৭ মে.টন চাল ও ০৯ মে.টন গম, আলেকজান্ডার খাদ্য গুদামে ৭৬৫ মে.টন চাল, ০৭ মে.টন গম এবং হাজিরহাট খাদ্য গুদামে ৬৫৯ মে.টন চাল এবং ১৬ মে. টন গম ও ২৭ মে. টন ধানসহ জেলায় মোট ৩৯৫২ মে.টন চাল এবং ৫৮০ মে.টন গম ও ৩০৩ মে. টন ধানের মজুদ রয়েছে। এ বিষয়ে সভাপতি বিভিন্ন উপজেলায় ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন কার্যক্রমকে জোরদার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান।<br><br>**সিদ্ধান্তঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান ও চাল সংগ্রহের কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সমন্বিতভাবে কাজ করার পুনরায় অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লক্ষ্মীপুর<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীপুর<br>৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) লক্ষ্মীপুর। |
| ২৪ | জেলা সমবায় অফিস, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা সমবায় কর্মকর্তা, লক্ষ্মীপুর সভায় জানান যে, লক্ষ্মীপুর জেলায় মোট ৯৮৯ টি সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ৫৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত বিভাগ সমবায় সমিতি নিবন্ধিকরণ, পরিদর্শন, তদারকি, বার্ষিক অডিট সম্পাদন, সরকারি রাজস্ব (অডিট ফি, নিবন্ধন ফি ও ভ্যাট) আদায়, সমবায় সমিতির সদস্যদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ বিষয়ে আলোচনায় সভাপতি উন্নয়নমূলক কাজে ঋণ বিতরণের জন্য জেলা সমবায় অফিসার, লক্ষ্মীপুরকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** সমবায় সমিতির সদস্যগণের আর্থিক অবস্থার উন্নয়নে সমবায় সমিতিগুলোকে স্বাবলম্বী করার বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | জেলা সমবায় কর্মকর্তা, লক্ষ্মীপুর |
| ২৫ | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লিঃ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** ব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ, লক্ষ্মীপুর সভায় বলেন, বর্তমানে সরকারি সিদ্ধান্তে গ্যাস সংযোগ বন্ধ রয়েছে। তবে প্রাপ্যতা সাপেক্ষে পরিচালনা পর্ষদের অনুমোদন অনুযায়ী শিল্প সংযোগ প্রদানের সিদ্ধান্ত হয়েছে। এ বিষয়ে আলোচনায় সভাপতি গ্যাস লাইনগুলো নিয়মিত পরীক্ষা করার জন্য এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** গ্যাস লাইনগুলো নিয়মিত পরীক্ষা করা এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ, লক্ষ্মীপুর |
| ২৬ | বিসিক, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপব্যবস্থাপক, বিসিক লক্ষ্মীপুর সভায় জানান যে, লক্ষ্মীপুর বিসিক শিল্পনগরীতে ১০০ টি শিল্প প্লটের মধ্যে ৯৫ টি শিল্প প্লট ৫৫ টি শিল্প ইউনিটের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে। গ্যাস সংযোগ না থাকায় কিছু কারখানার উৎপাদন বন্ধ রয়েছে। বর্তমানে বরাদ্দযোগ্য কোন খালি প্লট নেই।<br><br>**সিদ্ধান্তঃ** অবশিষ্ট শিল্প কারখানায় গ্যাস সংযোগ প্রদানের অনুরোধ জানিয়ে পত্র প্রদানের জন্য উপব্যবস্থাপক বিসিক, লক্ষ্মীপুরকে পুনরায় অনুরোধ করা হয়। | উপব্যবস্থাপক, বিসিক লক্ষ্মীপুর |
| ২৭ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, লক্ষ্মীপুর সভায় জানান, অনলাইনে নতুন পাসপোর্টের জন্য প্রাপ্ত আবেদনকারীদেরকে দ্রুত সেবা দেয়া হচ্ছে। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ বলেন, নতুন পাসপোর্ট অফিস নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভাপতি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলে নতুন পাসপোর্ট অফিস উদ্বোধন করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** নতুন পাসপোর্ট অফিস উদ্বোধন করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর<br>২। সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, লক্ষ্মীপুর |
| ২৮ | জেলা কারাগার, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেল সুপার, লক্ষ্মীপুর সভাকে জানান, লক্ষ্মীপুর জেলা কারাগারের ভৌত অবকাঠামো অতি পুরাতন হওয়ায় তা জরুরি মেরামত করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমানে কারাগারে ৬১৩ জন বন্দী রয়েছে এবং কারাগারের সিসি টিভিসমূহ চালু রয়েছে। এ বিষয়ে সভাপতি ভৌত অবকাঠামো | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| | | মেরামতের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>**সিদ্ধান্তঃ** জেলা কারাগারের ভৌত অবকাঠামো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | ২। জেলা সুপার, লক্ষ্মীপুর |
| ২৯ | ঔষধ তত্ত্বাবধায়কের কার্যালয়, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** ঔষধ তত্ত্বাবধায়ক লক্ষ্মীপুর জানান, নিয়মিত ঔষধের দোকান/ফার্মেসি পরিদর্শন/মনিটরিং করে ন্যাশনাল হেল্থ ইনফরমেশন সিস্টেম এ প্রেরণ করা হয়। বিগত ডিসেম্বর, ২০২০ মাসে মোট ৬৩ টি ঔষধের দোকান/ফার্মেসি পরিদর্শন করা হয়। এ সময় প্রায় ২৫,০০০/- টাকার মেয়াদোত্তীর্ণ ঔষধ,ফিজিসিয়ান স্যাম্পল, আনরেজিস্টার্ড ঔষধ, ফুড সাপ্লিমেন্ট জব্দ করা হয় এবং লাইসেন্স ও নবায়ন ফি বাবদ ১,৫৯,৫০০/- টাকা আদায় করে সরকারি খাতে জমা করা হয়।<br>**সিদ্ধান্তঃ** জেলার সকল বাজারে মেয়াদোত্তীর্ণ ঔষধ, নকল ও ভেজাল ঔষধ বিক্রয়কারী অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে এবং ঔষধের দোকান/ফার্মেসি নিয়মিত পরিদর্শন/মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর<br>২। ঔষধ তত্ত্বাবধায়ক, লক্ষ্মীপুর |
| ৩০ | বিটিসিএল, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল লক্ষ্মীপুর জানান, তার বিভাগের স্থাপনাসমূহের সীমানা প্রাচীর না থাকায় নিরাপত্তাসহ বিটিসিএল এর জমি বেদখল হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সভাপতি বিটিসিএল এর সকল সংযোগ যাতে ঠিকভাবে কাজ করে সে ব্যপারে সচেষ্ট থাকার অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ (।) বিটিসিএল এর স্থাপনাসমূহের সীমানা প্রাচীর নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুরকে পুনরায় অনুরোধ করা হয়।<br>(।।) বিটিসিএল এর সকল সংযোগ যাতে ঠিকভাবে কাজ করে সে ব্যপারে সচেষ্ট থাকার জন্য সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর<br>২। সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল লক্ষ্মীপুর |
| ৩১ | পিটিআই, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** সুপার, পিটিআই, লক্ষ্মীপুর সভায় জানান, অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>**সিদ্ধান্তঃ** অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সুপার, পিটিআই, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | সুপার, পিটিআই, লক্ষ্মীপুর |
| ৩২ | জেলা ক্রীড়া অফিস, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** জেলা ক্রীড়া অফিসার, লক্ষ্মীপুর সভায় জানান, স্বাস্থ্যবিধি মেনে খেলাধুলার কার্যক্রম চলমান রয়েছে।<br>**সিদ্ধান্তঃ** স্বাস্থ্যবিধি মেনে খেলাধুলা ও প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য জেলা ক্রীড়া অফিসার, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | জেলা ক্রীড়া অফিসার, লক্ষ্মীপুর |
| ৩৩ | জেলা প্রতিবন্ধী বিষয়ক অফিস | আলোচনাঃ জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের অধীন রেজিস্টার্ড সেবা গ্রহিতা রোগীর সংখ্যা ৮,৮৭০৭ জন, সার্ভিস ট্রানজেকশনের সংখ্যা ৬৭,৫৫৬ জন। এছাড়া প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার ১৩২ টি, স্ট্যাডিং ফ্রেম-৭ টি বিতরণ করা হয়েছে।<br>**সিদ্ধান্তঃ** অবশিষ্ট হুইল চেয়ারগুলো বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, লক্ষ্মীপুর |
| ৩৪ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | আলোচনাঃ উপপরিচালক, বিআরডিবি, লক্ষ্মীপুর জানান, বিআরডিবির আওতায় আবর্তক কৃষি ঋণ, সদাবিক, পদাবিক, পল্লী প্রগতি প্রকল্প, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্প লরপেপ, পিআরডিপি-৩ কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। এ কর্মসূচিগুলোর মোট সমিতি/দলের সংখ্যা ১৫৩৭ এবং উপকারভোগীর সংখ্যা ৬২৯০৭ জন। সদস্যদের জমাকৃত শেয়ার মূলধন ১২৪.৯২ লক্ষ টাকা এবং সঞ্চয় জমার পরিমাণ ৬৫২.১৬ লক্ষ টাকা। এ বিষয়ে আলোচনার সভাপতি বলেন, সকল কার্যক্রম পরিচালনার লক্ষ হতে হবে বেকার জনগোষ্ঠীকে স্বাবলম্বী করা।<br>সিদ্ধান্তঃ দক্ষ ও স্বাবলম্বী জনবল তৈরি করার লক্ষ্যে উদ্যোগী হওয়ার জন্য উপপরিচালক, বিআরডিবি, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | উপপরিচালক, বিআরডিবি, লক্ষ্মীপুর |
| | | আলোচনাঃ উপপরিচালক, পরিসংখ্যান বিভাগ জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান | |

| | | | |
|---|---|---|---|
| ৩৫ | পরিসংখ্যান বিভাগ, লক্ষ্মীপুর | ব্যুরো'র কৃষি পরিসংখ্যান উইং এর মাধ্যমে ৭টি প্রধান খাদ্যশস্য ও ১১৭টি অপ্রধান ফসলের হিসাব সংকলন ও এতদ্‌সংক্রান্ত তথ্য প্রক্রিয়াকরণ করে থাকে। সে লক্ষ্যে ২৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে লক্ষ্মীপুর জেলার সকল উপজেলা হতে ঐ সকল প্রধান ও অপ্রধান ফসলের ক্রপ ক্যালেন্ডার মোতাবেক সমুদয় তথ্যাদি সংগ্রহ,সংকলন, প্রক্রিয়াকরণপূর্বক সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। সভাপতি জনশুমারি ও গৃহগণনা করার ক্ষেত্রে গণনাকারী ও সুপারভাইজার এর কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্তঃ** জনশুমারি ও গৃহগণনা করার ক্ষেত্রে গণনাকারী ও সুপারভাইজার এর কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপপরিচালক, পরিসংখ্যান বিভাগ, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয় | উপপরিচালক, পরিসংখ্যান বিভাগ, লক্ষ্মীপুর |
| ৩৬ | ফায়ার সার্ভিস বিভাগ, লক্ষ্মীপুর | **আলোচনাঃ** উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লক্ষ্মীপুর জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। যে কোন পরিস্থিতি মোকাবেলায় তার টিম স্বক্রিয়ভাবে কাজ করার জন্য প্রস্তুত রয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ** ফায়ার সার্ভিস বিভাগ, লক্ষ্মীপুর এবং উপজেলা ফায়ার সার্ভিসসমূহের জরুরি টেলিফোন নম্বরগুলো অধিক প্রচারের ব্যবস্থা করার জন্য জেলা তথ্য অফিসার ও উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লক্ষ্মীপুরকে অনুরোধ করা হয়। | উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লক্ষ্মীপুর |
| ৩৭ | সভার কার্যপত্র প্রেরণ সংক্রান্ত | **আলোচনাঃ** প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সভার কার্যপত্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হয় বিধায় বিভিন্ন বিভাগ হতে মাসিক কার্যপত্র পূর্ববর্তী মাসের ২৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হয়।<br><br>**সিদ্ধান্তঃ** প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে পরবর্তী মাসের কার্যপত্র (সফ্‌ট কপিসহ) আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয় । | সংশ্লিষ্ট সকল বিভাগের প্রধানগণ |
| ৩৮ | বিবিধ | **আলোচনাঃ** অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মীপুর ১১.০২.২০২১ তারিখের ৪৯.০১.৫১০০.০০০.১৮.০০১.২১-১২৩২ নং স্মারকে লক্ষ্মীপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত বিষয়টি সকল দপ্তর প্রধানকে অবহিত করার নিমিত্ত জেলা উন্নয়ন সমন্বয় সভার সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে আলোচনা করা হয় ।<br><br>**সিদ্ধান্তঃ** অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মীপুরকে আগামী সভা হতে জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মীপুর |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নে কার্যকরী ভূমিকা রাখার জন্য এবং সকলকে নিজ নিজ অবস্থান থেকে জনগণের কল্যাণে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। তিনি পরবর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, লক্ষ্মীপুর

স্মারক নং-০৫.৪২.৫১০০.০০৬.০৬.০০২.২০- ৩২৩ তারিখ: ২৭ ফাল্গুন, ১৪২৭ / ১১ মার্চ, ২০২১

অনুলিপিঃ সদয় অবগতির জন্য ।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।

১১/০৩/২০২১

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর
ফোন- ০৩৮১-৬২৪১০
dclakshmipur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৫১০০.০০৬.০৬.০০২.২০- ৩২৩ তারিখ: ২৭ ফাল্গুন, ১৪২৭ / ১১ মার্চ, ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ।

১। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
৩। সিভিল সার্জন, লক্ষ্মীপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ/বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড (পওর বিভাগ/সিআরপি বিভাগ), লক্ষ্মীপুর/বিআইডব্লিউটিএ, চাঁদপুর
৫। অধ্যক্ষ, লক্ষ্মীপুর সরকারি কলেজ/লক্ষ্মীপুর সরকারি মহিলা কলেজ/আ স ম আবদুর রব সরকারি কলেজ/রামগঞ্জ সরকারি কলেজ/ রায়পুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, লক্ষ্মীপুর।
৭। মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা/রায়পুর পৌরসভা/রামগঞ্জ পৌরসভা/রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/বিএডিসি (বীজ বিপণন)/সমাজসেবা অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/বিআরডিবি/ইসলামিক ফাউন্ডেশন/জেলা পরিসংখ্যান অফিস, লক্ষ্মীপুর/উপপরিচালক(সিএম)ও আঞ্চলিক প্রধান, বিএসটিআই, চট্টগ্রাম।
১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
১১। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিশু বিষয়ক অফিসার/জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি/জেলা হিসাবরক্ষণ অফিসার/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা সমবায় কর্মকর্তা/জেলা মৎস্য কর্মকর্তা/জেলা ক্রীড়া কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি/জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা/বিভাগীয় বন কর্মকর্তা/জেলা তথ্য অফিসার/জেলা বাজার অনুসন্ধানকারী কর্মকর্তা/জেলা কমান্ডার, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল/ব্যবস্থাপক,বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন লি:/উপব্যবস্থাপক, বিসিক, লক্ষ্মীপুর।
১৩। আঞ্চলিক ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক, লক্ষ্মীপুর।
১৪। সহকারী প্রকৌশলী, বিটিসিএল/বিএডিসি (ক্ষুদ্রসেচ)/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লক্ষ্মীপুর।
১৫। সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস/বিআরটিএ/জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/বিএডিসি (বীজ বিপণন), লক্ষ্মীপুর।
১৬। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লক্ষ্মীপুর/লাইব্রেরিয়ান, জেলা গণগ্রন্থাগার, লক্ষ্মীপুর।

১১/৩/২০২১

(মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
লক্ষ্মীপুর